

4082 - কোন নারী কি আগে রমযানের কাযা রোযা রাখা শুরু রাখবেন; নাকি ছয় রোযা

প্রশ্ন

ঈদের দিনের পর থেকে শাওয়ালের যে ছয় রোযা রাখা হয় কোন নারী হায়েযের কারণে রমযানের যে রোযাগুলো তার ছুটে গেছে সেগুলো কি আগে শুরু করবে, এরপর ছয় রোযা রাখবে; নাকি কিভাবে করবে?

প্রিয় উত্তর

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদিস “যে ব্যক্তি রমযানের রোযা রাখল এরপর শাওয়াল মাসে ছয়টি রোযা রাখল সে যেন গোটা বছর রোযা রাখল।”[সহিহ মুসলিম (১৯৮৪)-এ উদ্ধৃত সওয়াব যদি তিনি পেতে চান তাহলে তার উচিত হবে প্রথমে রমযানের রোযাগুলো পূর্ণ করা। এরপর শাওয়ালের ছয় রোযা রাখা; যাতে করে তার উপর হাদিসের বাণী প্রযোজ্য হয় এবং উল্লেখিত সওয়াব পেতে পারে।

কিন্তু, যদি বৈধতার দিক দেখা হয় তাহলে কাযা রোযাগুলো পালন করার ক্ষেত্রে পরবর্তী রমযান প্রবেশ করার পূর্ব পর্যন্ত বিলম্ব করা তার জন্য জায়েয।